

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিসিএসআইআর ক্যাম্পাস, ধানমন্ডি, ঢাকা
Web: www.bstft.gov.bd

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০.২৫.৮০.২০২০.৬৮

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৭
২৩ জুলাই ২০২০


ফেলোশিপ বিজ্ঞপ্তি

বিষয়: ২০২০-২০২১ অর্থ বছরে বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট এর আওতায় শুধুমাত্র বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে উচ্চতর শিক্ষায় (এমএস ও পিএইচডি) ফেলোশিপের আবেদন আহ্বান।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর নিয়ন্ত্রনাধীন বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট এর আওতায় কেবলমাত্র বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়সমূহে দেশে/বিদেশে উচ্চতর শিক্ষায় (এমএস ও পিএইচডি) ফেলোশীপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের নূন্যতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমান থাকতে হবে অথবা সিজিপিএ ৩.০০ (স্কেল ৪.০০ এর ক্ষেত্রে) এবং সিজিপিএ ৪.০০ (স্কেল ৫.০০ এর ক্ষেত্রে) থাকতে হবে অথবা ৬০% বা তদূর্ধ্ব নম্বর থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/ শ্রেণী বা সমতুল্য গ্রহণযোগ্য হবে না।
- বাংলাদেশের খ্যাতনামা পাবলিক বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউটে এবং ইউরোপ ও এশিয়া মহাদেশের বিভিন্ন দেশ এবং অস্ট্রেলিয়ার খ্যাতনামা পাবলিক বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউটে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক গবেষণা/অধ্যয়নের জন্য আবেদন করতে পারবেন।
- ফেলোশিপের আওতায় গবেষণার বিষয়সমূহ নিম্নরূপ হবে:
পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গণিত ও পরিসংখ্যান, জীব বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, পাবলিক হেল্থ ও প্রিভেন্টিভ মেডিসিন, জীব প্রযুক্তি ও অনুজীব বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও স্থাপত্য বিদ্যা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কম্পিউটার সাইন্স ও ইঞ্জিনিয়ারিং, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান, সমূদ্র বিজ্ঞান, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, মৎস্য বিজ্ঞান, পশু চিকিৎসা ও পশু পালন, কনভেনশনাল ও নন-কনভেনশনাল এনার্জি, জ্বালানী গবেষণা, নিউক্লিয়ার পাওয়ার, নিউক্লিয়ার টেকনোলজি, পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং, আরবান ও রিজিওনাল ডেভেলপমেন্ট প্লানিং, এক্সপ্লোরেশন অব মিনারেলস এন্ড পেট্রোলজি, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং।
- আবেদন জমাদানের শেষ তারিখে আবেদনকারীর বয়স এমএস (বিদেশে) কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪০ বছর, ডক্টরাল (দেশে ও বিদেশে) কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪৫ বছর হতে হবে।
- যারা এমএস (বিদেশে), ডক্টরাল (দেশে ও বিদেশে) কোর্সে ভর্তি হয়েছেন/ ভর্তির অফার পেয়েছেন কিন্তু আর্থিক অনুদানের অভাবে শিক্ষাজীবন শুরু করতে পারছেন না তাদেরকে ফেলোশিপ প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।
- যাদের ১নং অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা নেই তাদের আবেদন করার কোন প্রয়োজন নেই।
- স্নাতকোত্তর পর্যায়ে ইংরেজিতে অভিসন্দর্ভ (Thesis) রচনার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।
- কম্পিউটার সম্পর্কে Word, Windows, Excel, Access, PowerPoint, Email, Internet Browsing এ অভিজ্ঞতা রয়েছে, দেশী/ বিদেশী জার্নালে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করেছেন এবং বিবাহিত প্রার্থী যাদের অনধিক ২ সন্তান রয়েছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- আগ্রহী প্রার্থীগণ ট্রাস্ট অফিস হতে ফেলোশীপের আবেদনপত্রের ফরম সংগ্রহ করতে পারবেন এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (www.most.gov.bd) ও বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট (www.bstft.gov.bd) এর ওয়েবসাইট হতেও ডাউনলোড করা যাবে।

- ১০। মনোনীত প্রার্থীদের সর্বোচ্চ দুই বছর মেয়াদি এমএস (বিদেশে)/চার বছর মেয়াদি পিএইচডি কোর্সের জন্য ফেলোশিপ প্রদান করা হবে এবং প্রতি ছয় (৬) মাস অন্তর-অন্তর কাজের অগ্রগতি মূল্যায়ন করা হবে।
- ১১। ট্রাস্ট কর্তৃক গঠিত কমিটি প্রার্থীদের দরখাস্ত বিবেচনা করে নির্বাচনের জন্য সুপারিশ করবেন, যা এওয়ার্ড কমিটি চূড়ান্ত করবেন।
- ১২। নির্বাচিত ফেলোর গ্যারান্টারগণ এই মর্মে ৩০০ টাকার ননজুডিশিয়াল ষ্টাম্পে বন্ড প্রদান করবেন যে, ডিগ্রি লাভের পর বিদেশে অধ্যয়নরত ফেলোগণ দেশে ফেরৎ আসবেন এবং নিজ দেশের সরকারী অথবা কোন সংস্থায় চাকুরী/ সেবা প্রদান করবেন।
- ১৩। শর্ত ভঙ্গকারী ফেলোদের বিরুদ্ধে অর্থ আদায় সহ আইনানুগ ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।
- ১৪। মনোনীত প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত হতে হবে।
- ১৫। সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, পরীক্ষার মার্কশীট / গ্রেড পয়েন্ট এর সত্যায়িত কপি, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের গবেষণা কর্মের সুপারভাইজার এর মতামত এবং বিশ্ববিদ্যালয়ের ভর্তির অফার লেটারসহ পূরণকৃত আবেদনপত্র এতদসঙ্গে সংযুক্ত ফরমে আগামী ৩১ আগস্ট, ২০২০ তারিখের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বিসিএসআইআর ক্যাম্পাস, ধানমন্ডি, ঢাকা, ৩৪ ডঃ কুদরত-ই খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫ বরাবর রেজিষ্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- ১৬। দেশে অধ্যয়নরত প্রার্থীগণ স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মাধ্যমে অথবা বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদন করবেন। সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন।
- ১৭। অন্য কোন সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রস্তাবিত গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না, এরূপ আবেদনকারী অনুচ্ছেদ-৩ এ উল্লেখিত বিষয়ে সার্বক্ষণিকভাবে অধ্যয়নরত/গবেষণারত/সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/সুপারভাইজার কর্তৃক চূড়ান্ত ভর্তির অফারপ্রাপ্ত হয়ে থাকলে উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে এই ফেলোশিপের জন্য আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।
- ১৮। এমএস এবং পিএইচডি ব্যাতিরেকে অন্য কোন ক্যাটাগরীতে আবেদন করলে আবেদনপত্র বাতিল বলে গন্য হইবে।
- ১৯। আবেদনকারী সরকারী চাকুরিজীবী হলে তার চাকুরি স্থায়ী হতে হবে।
- ২০। কোন ক্ষেত্রে গবেষণা তত্ত্বাবধায়ক (Supervisor) অন্যত্র চলে গেলে সে অবস্থায় ফেলোগণ গবেষণার স্বার্থে মন্ত্রণালয়/ট্রাস্টের অনুমোদন সাপেক্ষে নতুন তত্ত্বাবধায়ক গ্রহণ করতে পারবেন। অন্যথায় সংশ্লিষ্ট ফেলোর ফেলোশিপ বাতিল করা হবে।
- ২১। বিদেশে অধ্যয়ন/গবেষণাকারীগণ সেদেশে অবস্থিত বাংলাদেশী মিশনে নিজেদের নাম, স্থানীয় ঠিকানা ও বিশ্ববিদ্যালয়ের তথ্যাদি অবহিত করবেন।
- ২২। চূড়ান্ত নির্বাচনের পর বিশ্ববিদ্যালয় পরিবর্তনের আবেদন করলে যদি অতিরিক্ত টিউশন ফি-এর প্রয়োজন হয় তবে উক্ত অতিরিক্ত টিউশন ফি ফেলোকে বহন করতে হবে।
- ২৩। যে সেশনে ভর্তির জন্য ফেলো নির্বাচন করা হবে সে সেশনে ভর্তি না হলে এবং এ ব্যাপারে ট্রাস্টকে পূর্ব হতে কোন কিছু অবহিত না করলে উক্ত ফেলোর নির্বাচন বাতিল হয়ে যাবে।
- ২৪। আবেদনের খামের উপর অবশ্যই আবেদনের বিষয় (কোর্সের নাম) উল্লেখ করতে হবে।
- ২৫। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধন এবং যে কোন ফেলোর আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।


২৭/৮/২০২০

অদ্বৈত চন্দ্র দাস
উপপরিচালক (উপসচিব)
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট